ডিসেম্বর মাসসেরা প্যাট কামিন্স

ডিসেম্বর মাসসেরা দৌড়ে বাংলাদেশ দলের স্পিনার তাইজুল ইসলাম এবং নিউজিল্যান্ড দলের অলরাউন্ডার গ্লেন ফিলিপসকে পেছনে ফেলে মাসসেরা ক্রিকেটার নির্বাচিত হয়েছেন অস্ট্রেলিয়ার বিশ্বকাপ জয়ী অধিনায়ক প্যাট কামিন্স। সেই সঙ্গে ক্যারিয়ারে প্রথম বারের মতো মাসসেরা ক্রিকেটার নির্বাচিত হন এই অজি অধিনায়ক।

গেল মাসে প্যাট কামিন্সের নেতৃত্বে ঘরের মাটিতে পাকিস্তানের বিপক্ষে তিন ম্যাচ টেস্ট সিরিজে সবগুলো ম্যাচ জিতেছে অস্ট্রেলিয়া। সেই সিরিজে বল হাতে উজ্জ্বল ছিল এই অজি অধিনায়ক। সফরকারী পাকিস্তানের বিপক্ষে টেস্ট সিরিজের প্রথম দুই ম্যাচে ১৩ উইকেট শিকার করেন তিনি। প্রথম ম্যাচে ৩ উইকেট এবং দ্বিতীয় ম্যাচে দুই ইনিংসে শিকার করেন ১০ উইকেট। দ্বিতীয় ম্যাচের প্রথম ইনিংসে ৪৮ রান দিয়ে পাঁচ উইকেট তুলে নেন এবং দ্বিতীয় ইনিংসে ৪৯ রান দিয়ে তুলে নেন ৫ উইকেট।

এছাড়াও সেই সিরিজের মধ্য দিয়ে টেস্ট ক্যারিয়ারে ২৫০ উইকেটের মাইলফলক স্পর্শ করেন অজি বিশ্বকাপ জয়ী অধিনায়ক। ডিসেম্বর মাসসেরা খেলোয়াড় নির্বাচিত হয়ে অস্ট্রেলিয়ার এই অধিনায়ক বলেন, ‘সব সংস্করণে এ বছরটা আমাদের দারুণ কেটেছে। পাকিস্তানের মতো বড় দলের সঙ্গে সিরিজ জিতে শেষটাও ভালো হয়েছে। সব মিলিয়ে এখন পর্যন্ত এই গ্রীষ্মের পারফরম্যান্সে আমরা সন্তুষ্ট। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ ও নিউজিল্যান্ড সিরিজের ভালো কিছু করার জন্য অপেক্ষায় আছি।’

সূত্র: ইত্তেফাক

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রীর

বিরুদ্ধে বেনজেমার মামলা

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী জেরাল্ড দারমানিনের বিরুদ্ধে মানহানির মামলা করেছেন দেশটির জাতীয় দলের সাবেক ফুটবলার করিম বেনজেমা। গত বছরের অক্টোবরে ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলের হামলার নিন্দা করেছিলেন বেনজেমা। আর তাই ব্যালন ডি’অর জয়ী এই ফুটবলারের সঙ্গে মুসলিম ব্রাদারহুডের সম্পৃক্ততার অভিযোগ এনেছিলেন দারমানিন।

ফরাসি বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, বেনজেমার আইনজীবী হিউজ ভিগিয়ের মঙ্গলবার দেশটির বিশেষ আদালত কোর্ট ডি জাস্টিসে মামলা করেছেন। এই আদালতে ফ্রান্সের মন্ত্রীদের মামলার বিচার কার্যক্রম সম্পন্ন করা হয়।

গত ৭ অক্টোবর ফিলিস্তিনের স্বাধীনতাকামী সশস্ত্র গোষ্ঠী হামাস ইসরায়েলে হামলা চালানো পর পাল্টা আক্রমণে গাজায় নির্বিচার বোমাবর্ষণ শুরু করে ইসরায়েল। এ নিয়ে প্রতিবাদ করে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে বেনজেমা লিখেছিলেন, ‘আমাদের সমস্ত প্রার্থনা গাজার বাসিন্দাদের জন্য, যারা আবারও এই অন্যায় বোমা হামলার শিকার হচ্ছে, যেখানে কোনো নারী বা শিশুও রেহাই পাচ্ছে না।’

বেনজেমার এমন মন্তব্যে ক্ষোভ প্রকাশ করে দারমানিন সিনিউজ চ্যানেলে ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ‘তার (বেনজেমা) সঙ্গে ‘মুসলিম ব্রাদারহুডের কুখ্যাত সম্পৃক্ততা আছে।’ এছাড়াও বেনজেমার বিরুদ্ধে ফ্রান্স জাতীয় দলের খেলায় জাতীয় সংগীত না গাওয়া এবং সামাজিক যোগাযোগমাধ্যমে ধর্মান্তরকরণ প্রচেষ্টার অভিযোগও এনেছিলেন দারমানিন।

ফ্রান্সের স্বরাষ্ট্রমন্ত্রীর অভিযোগের পরপরই আইনজীবীর মাধ্যমে প্রতিবাদ জানিয়েছিলেন বেনজেমা। এবার আইনি পথে হাঁটলেন এই ফুটবলার। মামলায় বেনজেমা বলেছেন, ‘মুসলিম ব্রাদারহুডের সঙ্গে নূন্যতম সম্পৃক্ততাও কখনো ছিল না, এমনকি সংগঠনটির সদস্য দাবিদার কারও সম্পর্কে কোনো ধারণাও নেই।’

বেনজেমা মামলায় আরও লিখেছেন, ‘আমি জানি যে দুর্নামের কারণে আমাকে কতটা রাজনৈতিক খেলায় ব্যবহার করা হচ্ছে। ব্যাপারটা আরও বেশি কলঙ্কজনক এ কারণে যে ৭ অক্টোবর থেকে ঘটা নাটকীয় ঘটনাগুলো এ

ধরনের বিবৃতি থেকে আলাদা কিছু দাবি করে।’

সূত্র: ইত্তেফাক

হরিণাকুণ্ডুতে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

বর্ণাঢ্য আয়োজনে ঝিনাইদহে মেয়র কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে হরিনাকুন্ডু পৌরসভার আয়োজনে পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে টুর্নামেন্টের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম। সে সময় উপজেলা নির্বাহী অফিসার আক্তার হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নিরুপমা রায়, হরিণাকুন্ডু থানার অফিসার ইনচার্জ জিয়াউর রহমান, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

খেলায় পৌরসভার ১০টি দল দুটি গ্রুপে বিভক্ত হয়ে অংশ নিবে। উদ্বোধনী ম্যাচে ১৫ ওভারের খেলায় পৌরসভার ১ নং ওয়ার্ড ও ৩নং ওয়ার্ড অংশ নেয়। মাদক ও মোবাইল গেমস থেকে বর্তমান প্রজন্মকে দূরে রাখতে এমন ধরণের আয়োজন বলে জানান আয়োজকরা।

কোটচাঁদপুর ৫২ তম শীতকালীন

ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধন

আমি দশ লক্ষ মানুষের দ্বারে দ্বারে তাদের হক পৌঁছে দিতে চাই আপনাদের সহযোগিতায়। যারা আমাকে ভোট দিয়ে এ আসনে বসার সুযোগ করে দিয়েছেন। আজ মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠের ৫২ তম শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্ভোধনী অনুষ্ঠানে এ কথা বলেন, ঝিনাইদহ -৩ আসনের সংসদ সদস্য মেজর জেনারেল অবঃ সালাহ উদ্দিন মিয়াজি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন,উপজেলা মুক্তিযোদ্ধা মুক্তি যোদ্ধা কমান্ডার(সাবেক) তাজুল ইসলাম,পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন,সাব্দালপুর ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল মান্ন, জোড়া ইউপি চেয়ারম্যান মোঃ আব্দুল জলিল বিশ্বাস।

এ ছাড়া উপস্থিত ছিলেন, সাবেক উপজেলা যুবলীগের সভাপতি মীর কাশেম আলী,কোটচাঁদপুর পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল,সাধারণ সম্পাদক শেখ সোহেল আরমান। উপস্থিত ছিলেন, ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার শিক্ষক ও ছাত্রীরা। পরে সংসদ সদস্য ফেস্টুন উড়িয়ে শীত কালীন ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এরপর শুরু ৩৪ টি স্কুল,কলেজ, মাদ্রাসার ছাত্র/ছাত্রীদের অংশ গ্রহনে ক্রীড়া প্রতিযোগিতা। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, কোটচাঁদপুর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অশোক কুমার সরকার।

ঢাকা আসতে মরিয়া ইস্ট বেঙ্গল ক্লাব

অনেক অপেক্ষার পর ইস্ট বেঙ্গলের সেই লাল-হলুদ জার্সিতে খেলার সুযোগ পেয়েছেন বাংলাদেশের উইংগার সানজিদা আক্তার। এই জার্সি গায়ে খেলেছেন শেখ মো. আসলাম, মোনেম মুন্না, রুমি, গোলাম গাউসরা। ১৯৯১ সালে ইস্ট বেঙ্গল ক্লাবকে লিগ চ্যাম্পিয়ন করিয়েছেন তারা।

গত বছর আগস্টে কলকাতায় এই সব ফুটবলারকে সম্মাননা দিয়েছে। ইস্ট বেঙ্গল ক্লাব আঙিনায় সেই স্মরণীয় অনুষ্ঠানে কানাডা প্রবাসী রুমি ছাড়া সবাই হাজির ছিলেন সেদিন। এবার ইস্ট বেঙ্গল ক্লাবে খেলবেন সানজিদা। ইস্ট বেঙ্গল ক্লাব বাংলাদেশে প্রীতি ম্যাচ খেলতে চায়।

গতকাল সন্ধ্যায় কলকাতা থেকে ইস্ট বেঙ্গল ক্লাবের নারী দলের ম্যানেজার ইন্দ্রানী সরকার জানিয়েছেন, ‘আমরা বাংলাদেশে গিয়ে সিনিয়র দলের সঙ্গে প্রীতি ম্যাচ খেলতে চাই। এটা এপ্রিল হোক কিংবা মে মাসেও খেলা যাবে। যদি বাফুফে রাজি থাকে।’ ইস্ট বেঙ্গল ক্লাব এবং বাফুফের মধ্যে আলোচনা করে নির্ধারিত হবে এ ধরনের প্রীতি ম্যাচ খেলা যাবে কি না।

সূত্র: ইত্তেফাক

ক্যারিয়ারের শেষ ম্যাচে ফিঞ্চ ফিরলেন শূন্য হাতে

প্রত্যেক খেলোয়াড়ের কাছে নিজের প্রথম এবং শেষ ম্যাচটা অন্য সব ম্যাচের চেয়ে বিশেষ কিছু। তবে নিজের ক্যারিয়ারের শেষ ম্যাচটা হয়তো ভুলে যেতে চাইবেন অস্ট্রেলিয়া দলের সাবেক অধিনায়ক অ্যারন ফিঞ্চ। কেননা নিজের পেশাদার ক্রিকেটের শেষ ম্যাচে রানের খাতা খোলার আগে আউট হয়ে সাজঘরে ফিরতে হয়েছে তাকে।

বিগ ব্যাশে মেলবোর্ন রেনেগেডসের হয়ে শনিবার রাতে নিজের পেশাদার ক্রিকেট ক্যারিয়ারের শেষ ম্যাচে সিডনি থান্ডারের বিপক্ষে ওপেনিং করতে নামেন এই অজি ক্রিকেটার। তিন বল খেলে নিজের নামের পাশে কোনো রান যোগ করার আগে অস্ট্রেলিয়া জাতীয় দলে থাকাকালীন সময়ে আরেক সতীর্থ গ্লেন ম্যাক্সওয়েলের হাতে ক্যাচ দিয়ে ফিরেন তিনি। এর মধ্যে দিয়ে পেশাদার ক্রিকেটের ইতি টানেন এই অজি ক্রিকেটার।

ক্যারিয়ারের শেষ ম্যাচ শূন্য রানে ফিরলেও টি-টোয়েন্টি মনে রাখার মতো একটি ক্যারিয়ার গড়েন ফিঞ্চ। ক্রিকেটের এই সংক্ষিপ্ত ফরম্যাটে ৩৮৭ ম্যাচ খেলে ৩৩.৬০ গড় ও ১৩৮.১৬ স্ট্রাইকরেটে করেন ১১ হাজার ৪৫৮ রান। ৭৭ ফিফটিসহ সেঞ্চুরি করেছেন ৮টি। তার চেয়ে বেশি সেঞ্চুরি আছে কেবল উন্ডিজ সাবেক কিংবদন্তি ক্রিকেটার ক্রিস গেইল
(২২) এবং পাকিস্তানরে ক্রিকেটার বাবর আজমের (১০)। এছাড়া টি-টোয়েন্টিতে সর্বোচ্চ রান সংগ্রাহকের তালিকায় সপ্তম স্থানে অবস্থান তার।

দুই চিরপ্রতিদ্বন্দ্বীর শিরোপা লড়াই আজ

এই টুর্নামেন্টের সব শেষ আসরে গেল বছর অনুষ্ঠিত হওয়া ফাইনালে বার্সেলোনার কাছে ৩-১ গোলে হেরে শিরোপা জয়ের স্বপ্ন ভঙ্গ হয় রিয়াল মাদ্রিদের। তবে এবার আর হারতে চাইছে না রিয়াল। প্রতিশোধ নিয়ে শিরোপা পুনরুদ্ধার করার লক্ষ্য তাদের। আর এই লক্ষ্যে খেলোয়াড়দের আরও মনোযোগী করতে ক্লাবটির সভাপতি ফ্লোরেন্তিনো পেরেজ ঘোষণা দিয়ে রেখেছেন এই ফাইনালে বার্সেলোনাকে হারাতে পারলেই খেলোয়াড়দের বিশেষ পুরস্কার দেবেন তিনি।

মধ্যপ্রাচের দেশ সৌদি আরবে আজ রাত বাংলাদেশ সময় ১টায় কিং সাউদ ইউনিভার্সিটি স্টেডিয়ামে মুখোমুখি হবে ক্লাব ফুটবলের এই দুই চিরপ্রতিদ্বন্দ্বী। স্প্যানিশ সংবাদমাধ্যম স্পোর্ত-এর খবর অনুযায়ী, এই ম্যাচটি জিততে পারলে প্রত্যেক খেলোয়াড় পাবেন দেড় লাখ ইউরো। মোট ৪০ লাখ ইউরো খেলোয়াড়দের সঙ্গে পাবেন কোচিং

স্টাফের সদস্যরাও। এই প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য স্প্যানিশ ফেডারেশন থেকে প্রাপ্য অর্থের অর্ধেক-ই বোনাস।

এর আগে এই মাঠে গত বুধবার প্রথম সেমি-ফাইনালে ৮ গোলের ম্যাচে অ্যাতলেটিকো মাদ্রিদকে ৫-৩ গোলে হারিয়ে ফাইনাল নিশ্চিত করে কার্লো আনচেলত্তির শিষ্যরা। অন্যদিকে বৃহস্পতিবার দ্বিতীয় সেমি-ফাইনালে ওসাসুনাকে ২-০ গোলে হারায় জাভির শিষ্যরা।

যদিও বর্তমান বিশ্বের দুই সেরা ফুটবলার আর্জেন্টাইন বিশ্বকাপ জয়ী অধিনায়ক লিওনেল মেসি এবং পর্তুগালের সুপারস্টার ক্রিশ্চিয়ানো রোনালদো ইউরোপ ছেড়ে বর্তমান অবস্থান করছে পৃথিবীর দুই মেরুতে। এই দুই তারকা না থাকায় ইউরোপ ফুটবল কিছুটা হলেও হারিয়েছে নিজেদের জৌলুস। তারপরও এল ক্লাসিকো দেখতে মুখিয়ে থাকে বিশ্বের কোটি ফুটবল ভক্ত। এর আগে ১৯৪০ সালে প্রথম বারের মতো মাঠে গড়াই এই টুর্নামেন্ট।

স্প্যানিশ সুপার কাপে এখন পর্যন্ত সবচেয়ে সফল দল বার্সেলোনা। এখন পর্যন্ত মোট ১৪ বার শিরোপা জিতেছে জাভির শিষ্যরা। অন্যদিকে বার্সেলোনা থেকে মাত্র দুটি শিরোপা পিছিয়ে ১২টি শিরোপা নিয়ে দ্বিতীয় স্থানে অবস্থান করছে ক্লাবটি। তাই এই ম্যাচে বার্সেলোনাকে হারিয়ে গেল আসরের প্রতিশোধ এবং শিরোপার ব্যবধানে আরও কমাতে চায় রিয়াল মাদ্রিদ।

এই ম্যাচের আগে বার্সেলোনার সমর্থকদের জন্য খুশির খবর হতে পারে পেদ্রির আবারও মাঠে ফেরার বিষয়টি। যদিও এই বিষয়ে ক্লাবটির ম্যানেজার স্পট করে কিছু না বললেও তার কথায় পেদ্রির মাঠে ফেরার বিষয়ে কিছুটা ইঙ্গিত পাওয়া যায়। সেমিফাইনালে ওসাসুনার বিপক্ষে ম্যাচের পরবর্তী সংবাদ সম্মেলনে পেদ্রির ফেরার বিষয়ে বার্সা কোচ বলেন, ‘হ্যাঁ, সে (পেদ্রি) ভালো আছে। আমি তার সঙ্গে কথা বলেছি এবং সে প্রস্তুত।’

সূত্র: ইত্তেফাক

লিগে মোহামেডানের বড় জয়, আবাহনীর প্রথম

প্রিমিয়ার ফুটবল লিগে দ্বিতীয় জয় পেয়েছে মোহামেডান। দ্বিতীয় ম্যাচে ড্র করার পর গতকাল তৃতীয় ম্যাচে মোহামেডান আবার জয়ে ফিরেছে। রাজশাহীতে দুপুরে অনুষ্ঠিত খেলায় মোহামেডন ৫-১ গোলে ব্রাদার্সকে হারিয়েছে। একতরফা ফুটবল খেলেছে। ৫ গোলের তালিকায় হ্যাটট্রিক হয়নি।

অধিনায়ক সুলায়মান দিয়াবাতে জোড়া গোল করেছেন, জোড়া গোল করেছেন নাইজেরিয়ান সানডে। আর উজবেক ফুটবলার মোজাফফভ একটি গোল করেন। দিয়াবাতের প্রথম গোলটি ছিল পেনাল্টি থেকে। এই দিন বিদেশির গোলের উত্সবের শেষ দিকে, ৭৮ মিনিটে ব্রাদার্সের নয়ন একটি গোল করে হারের ব্যবধান কমান। মোহামেডানের তিন খেলায় ৭ পয়েন্ট। আর ব্রাদার্স প্রথম তিন খেলায় ১ পয়েন্ট পেয়েছে। কিংসের বিপক্ষে ব্রাদার্স ৫-২ গোলে হেরেছিল।

আবাহনীর স্বস্তির জয়

মোহামেডানের এমন জয়ের দিনে স্বস্তির খবর আবাহনীতে। অবশেষে প্রিমিয়ার লিগে আবাহনী জয়ের মুখ দেখেছে। গতকাল গোপালগঞ্জের মাঠে আবাহনী ১-০ গোলে শেখ জামাল ধানমন্ডিকে হারিয়েছে। খেলার ৮৮ মিনিটে স্টুয়ার্ট গোল করেন। আফসোসে পুড়ে গেছে শেখ জামাল। শেষ দুই মিনিট খেলাটা ধরে রাখতে না পারার আক্ষেপ পুড়িয়েছে আবাহনীকে। তবে আবাহনীর এই জয় অনেকটা স্বস্তির।

কারণ প্রিমিয়ার লিগ শুরু হওয়ার পর গতকাল তৃতীয় ম্যাচে প্রথম জয় পেলেন আবাহনীর আর্জেন্টিার কোচ আন্দ্রেস ক্রুসিয়ানি। প্রথম খেলায় আবাহনী ১-১ গোলে ড্র করে রহমতগঞ্জের বিপক্ষে। দ্বিতীয় খেলায় ফর্টিসের কাছে হেরে যায়।

কিংসের আরো একটি জয়

নিজেদের মাঠে বসুন্ধরা কিংস ৩-১ গোলে ফর্টিস এফসিকে হারিয়েছে। ডরিয়েলটন, রাকিব এবং রিমন এবং একটি আত্মঘাতী গোল হয়। মুন্সীগঞ্জে অনুষ্ঠিত লিগের আরেক খেলায় রহমতগঞ্জ ১-১ গোলে চট্টগ্রাম আবাহনীর বিপক্ষে ড্র করেছে।

সূত্র: ইত্তেফাক

ধর্ষণের দায়ে লামিচানের আট বছরের জেল

ধর্ষণের অভিযোগ প্রমাণিত হওয়া নেপালের তারকা ক্রিকেটার সন্দীপ লামিছানেকে বড় শাস্তি দিয়েছে কাঠমান্ডুর একটি আদালত। নেপালের সংবাদমাধ্যম ‘দ্য কাঠমান্ডু পোস্ট’র প্রতিবেদন বলছে, ঐ মামলায় প্রতিভাবান এই ক্রিকেটারকে আট বছরের জেল এবং ৩ লাখ নেপালি রুপি জরিমানা করেছে। সেই সঙ্গে ক্রিকেটের ক্ষতিপূরণ হিসাবে আরও ২ লাখ রুপি জরিমানা করে এই ক্রিকেটারকে।

এর আগে ২০২২ সালে কাঠমান্ডুতে এক হোটেলে এক তরুণীতে ধর্ষণ করার অভিযোগ উঠে এই তারকা লেগ স্পিনারের বিরুদ্ধে। এরপর ২০২২ সালের গত ৬ অক্টোবর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর থেকে তাকে গ্রেফতার করে নেপাল পুলিশ। যদিও এরপর জামিনে বাহিরে ছিলেন নেপালের এই তারকা ক্রিকেটার। সেই সঙ্গে গত বছরের ফেব্রুয়ারিতে আইসিসি ক্রিকেট বিশ্বকাপ লিগ দুই ম্যাচ খেলতে তাকে জাতীয় দলের সঙ্গে সংযুক্ত আরব আমিরাতে ভ্রমণের অনুমতি দেওয়া হয়েছিল। তখন শর্ত সাপেক্ষে ২০ লাখ নেপালি রুপির জামানতে জামিনে মুক্তি পান এই ক্রিকেটার।

এরপর গেল বছরের ৩০ ডিসেম্বর দেশটির আদালত লামিছানের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগের প্রমাণ পায়। অবশেষে গতকাল এ মামলার রায় ঘোষণা করা হয়। জানা গেছে এই রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করবেন লামিছানে। যদিও ধর্ষণের সময় ঐ তরুণীর বয়স ১৭ বছর উল্লেখ করা হলেও আদালতে প্রমাণ হয় তখন তার বছর ছিল ২২ বছর। নেপালি একমাত্র ক্রিকেটার যে কিনা আইপিএল খেলেছেন। এছাড়া ২০১৯ সালে বাংলাদেশ প্রিমিয়ার লিগ বিপিএলে সিলেট সিক্সার্সের হয়েও মাঠ মাতান এই হিমালয়ের ক্রিকেটার।

সূত্র: ইত্তেফাক

অর্জুন পুরস্কারে সামির স্বীকৃতি

ভারতের রাষ্ট্রপতির হাত থেকে অর্জুন পুরস্কার নিচ্ছেন মোহাম্মদ সামি। বিশ্বকাপে ৭ ম্যাচে ২৪ উইকেট নিয়েছিলেন। বল হাতে যা চাচ্ছিলেন, তা-ই যেন হচ্ছিল। ঘরের মাঠের আসরে ভারতের ফাইনাল খেলায় তাই তাঁর বড় অবদান। বিশ্বকাপ শেষে সেই স্বীকৃতিই পেয়েছেন মোহাম্মদ সামি অর্জুন পুরস্কার জিতে।

ভারতের ক্রীড়াঙ্গনের দ্বিতীয় সর্বোচ্চ এই পুরস্কার এবার ক্রিকেট থেকে পেয়েছেন শুধু এই পেসারই।

আজ ভারতের রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মুর হাত থেকে এই পুরস্কার নিয়েছেন সামি। এবার মোট ২৬ জন ক্রীড়াবিদ পেয়েছেন অর্জুন পুরস্কার। সর্বোচ্চ সম্মান ধ্যানচাঁদ খেলরত পুরস্কার পেয়েছেন দুই ব্যাডমিন্টন তারকা চিরাগ শেঠি ও সাত্তি¡ক সাইরাজ।

গত এশিয়ান গেমসে ব্যাডমিন্টনে সোনা জিতেছেন এই দুজন। ভারত ক্রিকেট বিশ্বকাপ জিতে গেলে সেটিও হতো বড় ঘটনা। তবে সামির পারফরম্যান্স উপেক্ষা করা যায়নি। পুরস্কার জিতে ইন্সটাগ্রামে সামি তাঁর উচ্ছসের কথা লিখেছেন, ‘ভীষণ গর্বিত রাষ্ট্রপতির কাছ থেকে সম্মানজনক অর্জুন পুরস্কার হাতে নিতে পেরে।

এই পর্যন্ত আসতে আমাকে যাঁরা উৎসাহ অনুপ্রেরণা দিয়ে গেছেন সবার প্রতি কৃতজ্ঞতা।’ সামি অবশ্য বিশ্বকাপের পর থেকে চোটের কারণে খেলার বাইরে। এই মহূর্তে সেরে ওঠার পথে আছেন তিনি। ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজের ফেরার আশার কথা জানিয়েছেন এই পেসার। টাইমস অব ইন্ডিয়া